টিকার তথ্য সংক্রান্ত বিবৃতি

# নিউমোকক্কাল কনজুগেট টিকা: *আপনার কী জানা প্রয়োজন*

Many vaccine information statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

টিকা সংক্রান্ত তথ্যপত্র বাংলা এবং অন্যান্য অনেক ভাষায় পাওয়া যায়। দেখুন www.immunize.org/vis

## 1. কেন টিকা নিতে হবে?

**নিউমোকক্কাল কনজুগেট টিকা** নিউমোকক্কাল রোগ **প্রতিরোধ করতে পারে**।

**নিউমোকক্কাল রোগ** বলতে নিউমোকক্কাল ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট যেকোনো অসুস্থতাকে বোঝায়। এই ব্যাকটেরিয়াগুলি অনেক ধরনের অসুস্থতা সৃষ্টি করতে পারে, যার মধ্যে রয়েছে:

- নিউমোনিয়া (ফুসফুসের সংক্রমণ)
- কানের সংক্রমণ
- সাইনাস সংক্রমণ
- মেনিনজাইটিস (মস্তিষ্ক এবং মেরুদণ্ডকে আবৃত করা কোষকলার সংক্রমণ)
- ব্যাকটেরেমিয়া (রক্তধারায় সংক্রমণ)

যে কারো নিউমোকক্কাল রোগ হতে পারে, তবে ছোট শিশু, বয়স্ক প্রাপ্তবয়স্ক এবং ঝুঁকির নির্দিষ্ট কিছু কারণ থাকা ব্যক্তিদের ঝুঁকি সবচেয়ে বেশি থাকে।

বেশিরভাগ নিউমোকক্কাল সংক্রমণ মৃদু হয়। তবে, কয়েকটির ফলে দীর্ঘমেয়াদী সমস্যা দেখা দিতে পারে, যেমন মস্তিষ্কের ক্ষতি বা শ্রবণশক্তি হারিয়ে যাওয়া। নিউমোকক্কাল রোগের কারণে সৃষ্ট মেনিনজাইটিস, ব্যাকটেরেমিয়া এবং নিউমোনিয়ার ফলে মৃত্যু ঘটতে পারে।

## 2. নিউমোকক্কাল কনজুগেট টিকা

নিউমোকক্কাল কনজুগেট টিকা নিউমোকক্কাল রোগ সৃষ্টিকারী ব্যাকটেরিয়া থেকে রক্ষা করতে সাহায্য করে। বেশ কিছু pneumococcal conjugate vaccines (নিউমোকক্কাল কনজুগেট টিকা, PCV) আছে। নির্দিষ্ট PCV এবং সুপারিশকৃত ডোজের সংখ্যা একজন ব্যক্তির বয়স, টিকাদানের ইতিহাস এবং চিকিৎসাগত স্থিতির উপর ভিত্তি করে নির্ধারিত হয়। কোন ধরনের PCV এবং কত ডোজ গ্রহণ করা উচিত, তা নির্ধারণ করতে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে সাহায্য করতে পারবেন।

- **নবজাতক এবং ছোট শিশুদের** সাধারণত PCV-এর 4টি ডোজ প্রয়োজন হয়। এই ডোজগুলি 2, 4, 6 এবং 12-15 মাস বয়সে দেওয়ার সুপারিশ করা হয়।
- নির্দিষ্ট **কিছু বড় শিশু এবং কিশোরবয়স্কদের** PCV প্রয়োজন হয়, যারা নবজাতক বা ছোট শিশু থাকার সময়ে সুপারিশকৃত ডোজ নেয়নি। এটি বয়স এবং চিকিৎসাগত রোগাবস্থা, অথবা অন্যান্য ঝুঁকির কারণের উপর নির্ভর করে।
- **19 থেকে 49 বছর বয়সী প্রাপ্তবয়স্ক** যারা PCV পাননি এবং যাদের নির্দিষ্ট কিছু চিকিৎসাগত সমস্যা বা অন্যান্য ঝুঁকির কারণ রয়েছে তাদের PCV নেওয়া উচিত। এই দলভুক্ত কিছু প্রাপ্তবয়স্ক যারা ইতিমধ্যেই PCV নিয়েছেন, তাদের আরেকটি ডোজ নেওয়ার পরামর্শ দেওয়া হতে পারে।
- **50 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্ক** যারা আগে PCV নেননি তাদের PCV টিকা নেওয়া উচিত। এই দলভুক্ত কিছু প্রাপ্তবয়স্ক যারা ইতিমধ্যেই PCV নিয়েছেন, তাদের আরেকটি ডোজ নেওয়ার পরামর্শ দেওয়া হতে পারে।

## 3. আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন

টিকা প্রদানকারীকে জানান, যদি যে ব্যক্তি টিকা নিচ্ছেন:

- তার আগের **যেকোনো ধরনের PCV ডোজ নেওয়ার পর, অথবা ডিপথেরিয়া টক্সয়েড** (যেমন, DTaP) থাকা যেকোনো টিকার প্রতি অ্যালার্জির প্রতিক্রিয়া হয়ে থাকে, অথবা কোনো **গুরুতর, প্রাণ-সংশয়কারী অ্যালার্জি থাকে**

কিছু ক্ষেত্রে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী ভবিষ্যতে একটি সাক্ষাৎ না হওয়া পর্যন্ত PCV স্থগিত রাখার সিদ্ধান্ত নিতে পারেন।

যাদের ঠান্ডা লাগার মতো ছোটখাটো অসুস্থতা আছে, তাদের টিকা দেওয়া হতে পারে। যাদের মাঝারি বা গুরুতর অসুস্থতা আছে তাদের সাধারণত সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিত।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আরও তথ্য দিতে পারবেন।



U.S. CENTERS FOR DISEASE CONTROL AND PREVENTION

## 4. টিকার প্রতিক্রিয়ার ঝুঁকি

- নিউমোকক্কাল কনজুগেট টিকা দেওয়ার পরে ইনজেকশন দেওয়ার জায়গায় লালভাব, ফোলাভাব, ব্যথা বা স্পর্শে বেদনা; জ্বর; ক্ষুধামান্দ্য; বিরক্তি (জ্বালাতন); ক্লান্তি; মাথাব্যথা; পেশীতে ব্যথা; গাঁটে ব্যথা হতে পারে; অথবা কাঁপুনি দিয়ে শীত করতে পারে।

নিষ্ক্রিয় করা ইনফ্লুয়েঞ্জা টিকা দেওয়ার সময় একইসাথে PCV দেওয়ার পরে ছোট শিশুদের জ্বরের কারণে সৃষ্ট খিঁচুনির ঝুঁকি বেশি থাকে। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে আরও তথ্য চান।

টিকাদান সহ বিভিন চিকিৎসাগত পদ্ধতির পরেও মানুষ কখনও কখনও অজ্ঞান হয়ে যায়। যদি আপনি মাথা ঘোরা অনুভব করেন বা দৃষ্টিশক্তির পরিবর্তন হয় বা কানে ভোঁ ভোঁ শব্দ হয়, তাহলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে বলুন।

যেকোনো ওষুধের মতো, টিকা থেকে তীব্র অ্যালার্জির প্রতিক্রিয়া, অন্যান্য গুরুতর আঘাত বা মৃত্যুর সম্ভাবনা খুবই কম।

## 5. কোনো গুরুতর সমস্যা হলে কী হবে?

টিকা নেওয়া ব্যক্তি ক্লিনিক থেকে চলে যাওয়ার পরে অ্যালার্জির প্রতিক্রিয়া দেখা দিতে পারে। যদি আপনি তীব্র অ্যালার্জির প্রতিক্রিয়ার লক্ষণ দেখতে পান (আমবাত, মুখ ও গলা ফুলে যাওয়া, শ্বাস নিতে অসুবিধা, দ্রুত হৃদস্পন্দন, মাথা ঘোরা, বা দুর্বলতা), তাহলে **9-1-1** নম্বরে ফোন করুন এবং সেই ব্যক্তিকে সবচেয়ে কাছের হাসপাতালে নিয়ে যান।

আপনার উদ্বেগের অন্যান্য লক্ষণগুলির জন্য, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে ফোন করুন।

Vaccine Adverse Event Reporting System (প্রতিকূল প্রতিক্রিয়াগুলি টিকার প্রতিকূল ঘটনার রিপোর্টিং সিস্টেম VAERS)-এ রিপোর্ট করা উচিত। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী সাধারণত এই রিপোর্টটি দাখিল করবেন, অথবা আপনি নিজেই এটি করতে পারেন। **www.vaers.hhs.gov** ঠিকানায় VAERS ওয়েবসাইট দেখুন অথবা **1-800-822-7967** নম্বরে কল করুন। *VAERS শুধুমাত্র প্রতিক্রিয়া রিপোর্ট করার জন্য, এবং VAERS কর্মীরা চিকিৎসাগত পরামর্শ দেন না।*

## 6. National Vaccine Injury Compensation Program

National Vaccine Injury Compensation Program (জাতীয় টিকা জনিত আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচি, VICP) হল একটি ফেডারেল কর্মসূচি যা নির্দিষ্ট কিছু টিকার কারণে আঘাত পাওয়া ব্যক্তিদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য তৈরি করা হয়েছিল। টিকাদানের কারণে আঘাত বা মৃত্যুর অভিযোগ সম্পর্কিত দাবি দাখিলের জন্য একটি সময়সীমা আছে, যা দুই বছরের মতো কম সময় হতে পারে। কর্মসূচি সম্পর্কে এবং দাবি দাখিল করার ব্যাপারে জানতে **www.hrsa.gov/vaccinecompensation** ঠিকানায় VICP ওয়েবসাইট দেখুন অথবা **1-800-338-2382** নম্বরে কল করুন।

## 7. আমি কীভাবে আরও জানতে পারি?

- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- আপনার স্থানীয় বা স্টেট স্বাস্থ্য বিভাগে ফোন করুন।
- টিকার প্যাকেজে থাকা তথ্যপত্র এবং অতিরিক্ত তথ্যের জন্য Food and Drug Administration (খাদ্য ও ওষুধ প্রশাসনের, FDA) ওয়েবসাইট **www.fda.gov/vaccines-blood-biologics/vaccines** দেখুন।
- Centers for Disease Control (রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র, CDC)-এর সাথে যোগাযোগ করুন:
  - **1-800-232-4636 (1-800-CDC-INFO)** নম্বরে ফোন করুন অথবা
  - **www.cdc.gov/vaccines** ঠিকানায় CDC-এর ওয়েবসাইট দেখুন।

Bengali translation provided by Immunize.org